মেহেরপুর ট্রাফিক পুলিশ বিভাগের অভিযান, ৪ টি মামলা

মোটরসাইকেলের বৈধ কাগজপত্র না থাকায় ৪ টি মোটরসাইকেলের মালিকের বিরুদ্ধে মোটরজান আইনে মামলা দিয়ে মোটরসাইকেলগুলো জব্দ করেছে মেহেরপুর ট্রাফিক বিভাগ।

মঙ্গলবার (২২ নভেম্বর) দুপুর ট্রাফিক সার্জেন্ট আলামিন হোসেন এর নেতৃত্বে শহরের বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে মামলা দিয়ে ৪ টি মোটরসাইকেল জব্দ করেন। এসময় তিনি প্রায় ২০ টি মোটরসাইকেলের কাগজপত্র ও মালিকের প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষা করেন।

মেহেরপুর জেলা ট্রাফিক পুলিশ বিভাগের সার্জেন্ট আলামিন হোসেন এ তথ্য নিশ্চিত করেন। তিনি বলেন, মোটরসাইকেলের বৈধ কাগজপত্র ও চালকের ড্রাইভিং সহ প্রয়োজনীয় কাগজপত্র চেক অব্যাহত থাকবে।

গাংনীতে সমবায়ীদের দিনব্যাপী যৌথসভা ও ই-প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

গাংনীতে সমবায় অধিদপ্তরের উদ্যোগে সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি প্রকল্প (৩য় পর্যায়ে) সমবায়ীদের নিয়ে দিনব্যাপী যৌথসভা ও ই-প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

গাংনী উপজেলা সমবায় অফিসের আয়োজনে মঙ্গলবার (২২ নভেম্বর) সকাল ১০ টার সময় গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে এই প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টুর সভাপতিত্বে অনুষ্ঠিত প্রশিক্ষণে প্রধান অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ

খালেক।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা সমবায় অফিসের উপ সহকারী নিবন্ধক মো. এনামুল হক, বীর মুক্তিযোদ্ধা মো. সোহরাব হোসেন।

কর্মশালায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা সমবায় অফিসের পরিদর্শক নুরুজ্জামান, সহকারী পরিদর্শক হাফিজুর রহমান, সমবায়ী মশিউর রহমান পলাশ, হুমায়ুন কবির রিপন, তন্ময় হুদা বিশ্বাস, রাকিবুল হাসান, শফিউল ইসলাম প্রমূখ। দিনব্যাপি এই প্রশিক্ষণ কর্মশালায় এই প্রকল্পের ৬০ জন সমবায়ী সদস্য অংশগ্রহণ করেন।

খাদ্য সংকট দুর করতে বাড়ির আঙিনায় সব্জীর চাষ করতে হবে - এমপি খোকন

মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বলেন, আগামীতে খাদ্য সংকট দুর করতে বাড়ির আঙিনায় সব্জীর চাষ করতে হবে। বিশেষ করে আমাদের বাড়ির আঙিনার পতিত জমিগুলো বিভিন্ন শাক সব্জীতে ভরিয়ে তুলতে হবে। এক খন্ড জমিও ফেলে রাখা যাবেনা। পতিত জমিগুলোর পাশাপাশি আমাদের বাড়ির ছাদেও সব্জী চাষ করতে হবে। এর ফলে আমাদের যেমন খাদ্য সংকট দুর হবে তেমনি আর্থিকভাবেও লাভবান হতে পারবো।

মঙ্গলবার (২২ নভেম্বর) সকাল ১০ টার দিকে গাংনী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে বিভিন্ন সব্জীর বীজ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

গাংনী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পারভেজ সাজ্জাদ রাজার সভাপতিত্বে অনুষ্ঠিত সব্জী বীজ বিতরণ অনুষ্ঠানে

বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা ভারপ্রাপ্ত প্রাথমিক শিক্ষা অফিসার সামসুজ্জোহা।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, সাংগাঠনিক সম্পাদক মনিরুজ্জামান মনি মাষ্টার, আওয়ামীলীগের বিশিষ্ট নেতা মনিরুজ্জামান আতু, কাথুলি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোজাম্মেল হক, সাবেক ছাত্র নেতা আনিসুজ্জামান লুইচ, গাংনী পৌর যুবলীগের সাধারণ সম্পাদক রাহিবুল ইসলাম, জেলা ছাত্রলীগের সাবেক সহসভাপতি সাইফুজ্জামান শিপু প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন এমপি আরো বলেন, আমরা এখন নানা ধরনের ভেজাল খাবার খেয়ে পেটের পিড়াসহ নানা ধরণের অসুখে ভুগছি। আমরা পতিত জমি গুলো ব্যবহার করে বিষমুক্ত খাদ্য উৎপাদন করে আমাদের শরীর ও মন ভাল রাখতে পারবো।

খাদ্য সংকট সময়ে নিজ নিজ অবস্থানে থেকে নিজেদের পরিতত জমিতে কৃষির মাধ্যমে চাষ করা ও সবাইকে উদ্বুদ্ধ করার আহবান জানান তিনি। সব্জী বীজের পাশাপাশি বিভিন্ন সব্জীর গাছও তুলে দেন প্রধান অতিথি।

জিএম কাদেরের বিরুদ্ধে মামলা প্রত্যাহারের দাবীতে জাপা’র মানববন্ধন

গাংনীতে জাতীয় পার্টির চেয়ারম্যান (এরশাদ) চেয়ারম্যান জি এম কাদেরের বিরুদ্ধে সকল মিথ্যা মামলা প্রত্যাহারের দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (২২ নভেম্বর) বিকালে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী বাসস্ট্যান্ডে মানববন্ধনের আয়াজেন করে গাংনী উপজেলা জাতীয় পার্টি (এরশাদ)।

মানববন্ধনে নেতৃত্ব দেন উপজেলা জাতীয় পার্টির সভাপতি বাবলুর রহমান ও অন্যতম নেতা কিতাব আলী বিএসসি।এসময় পার্টির বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে গীতিকার, সুরকার ও শিল্পীর মৌলিক গানের রেকর্ডিং উদ্বোধন

“শিল্প সংস্কৃতি ঋদ্ধ, সৃজনশীল মানবিক বাংলাদেশ ” প্রতিপাদ্য নিয়ে স্বাধীনতার সূবর্ণজয়ন্তী উপলক্ষে স্থানীয় গীতিকার, সুরকার ও ২৫ জন শিল্পীর পরিবেশনায় স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের ২৫ টি মৌলিক গানের রেকর্ডিং কার্যক্রম উদ্বোধন করা হয়েছে।

মঙ্গলবার (২২ নভেম্বর) বিকালে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে এই গান রেকর্ডিং আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন এই কর্মসূচির আহবায়ক মেহেরপুর জজকোর্টের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য।

মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক প্রফেসর সাইদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর ওস্তাদ এম সাইদুর রহমান, গাংনী উপজেলা শিল্পকলা একাডেমীর ওস্তাদ এসএম সেলিম রেজা, মুজিবনগর উপজেলা শিল্পকলা একাডেমীর ওস্তাদ আমজাদ হোসেন। এছাড়া গীতিকার, সুরকার, শিল্পী ও কলাকৌশলীরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, স্বাধীনতার ৫০ বছর উপলক্ষে বাংলাদেশ শিল্পকলা একাডেমীর উদ্যোগে স্থানীয় স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ এবং দেশের গান নিয়ে স্থানীয় গীতিকার, সুরকার ও শিল্পীর গাওয়া গান নিয়ে মেহেরপুর শিল্পকলা একাডেমী এই আয়োজন করে।

মেহেরপুর জেলা জাতীয় পার্টির সমাবেশ ও মানববন্ধন

মেহেরপুর জেলা জাতীয় পার্টির উদ্যোগে সমাবেশ ও মানববন্ধনের আয়োজন করা হয়। মঙ্গলবার বিকেলে মেহেরপুর জেলা জাতীয় পার্টির প্রধান কার্যালয় কাথুলী বাসস্ট্যান্ডে সমাবেশ ও মানববন্ধনের আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা জাতীয় জাতীয় পার্টি সদস্য সচিব মোঃ সুমন পারভেজের সভাপতিত্বে মেহেরপুর পৌর জাতীয় পার্টি সদস্য সচিব মোঃ হামিদুল ইসলাম এর সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জাতীয় পার্টি আহ্বায়ক আব্দুল হাদী। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় পার্টি কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য এস এম মোর্তুজা আলম (বুলবুল)।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌর জাতীয় পার্টি আহ্বায়ক মোঃ আব্দুল মান্নান, সদর উপজেলা জাতীয় পার্টি সভাপতি খিলাফত আলী, সদর উপজেলা জাতীয় পার্টি সাংগঠনিক সম্পাদক মোঃ খাইরুল বাশার মিঠু, মুজিবনগর উপজেলা জাতীয় পার্টির সাধারণ সম্পাদক ফারুক মল্লিক, কুতুবপুর ইউনিয়ন জাতীয় পার্টি সভাপতি আনছারুল ইসলাম, শ্যামপুর ইউনিয়ন পার্টির সাধারণ সম্পাদক মোঃ রাহিন আলী, জাতীয় সংস্কৃতিক পার্টি মেহেরপুর শাখার আহ্বায়ক মোঃ ইনছান আলী, জাতীয় ছাত্র সমাজ মেহেরপুর জেলা শাখার আহ্বায়ক মোঃ রনি আহম্মেদ সহ বিভিন্ন নেতাকর্মী সমাবেশ ও মানববন্ধনে উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৫ আসামি গ্রেফতার

মেহেরপুর সদর থানা পুলিশের ১২ ঘন্টার অভিযান মাদক ও নারী নির্যাতন মামলার ৫ আসামি গ্রেফতার করেছেন।

গ্রেফতারকৃতরা হলেন, মেহেরপুর সদর থানায় নারী ও শিশু নির্যাতন দমণ আইনে দায়ের হওয়া মামলার পলাতক আসামি সামসুল আলম (৫৮)। সামসুল আলম মেহেরপুর সদর থানার রাজনগর গ্রামের মৃতু মসলিম আলীর ছেলে। তার নামে নারী ও শিশু নির্যাতন দমণ আইনে দায়ের হওয়া সদর থানার মামলা নং ২৮, তারিখ ২৬/১০/২২, জিআর মামলা নং ৩৯০/২২ ইং।

অপর দিকে মাদক মামলার আসামি মেহেরপুর শহরের বেড়পাড়া গ্রামের আব্দুল হামিরে ছেলে রনি হোসেন (৩৬), দুখু আলীর ছেলে রাব্বী হোসেন (৩৫), সদর উপজেলার পিরোজপুর গ্রামের অজের আলী মেম্বরের (সাবেক) ছেলে জিয়াউল হক (৪২) ও সিরাজুল ইসলামের ছেলে আজাদ আলী (৩৩)।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলামের নেতৃত্বে পুলিশের পৃথক টিম সোমবার দিবাগত রাতের বিভিন্ন সময় আজ মঙ্গলবার (২২ নভেম্বর) ভোররাত পর্যন্ত অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম বলেন গ্রেফতারকৃতদের আজ মঙ্গলবার দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে ভোক্তা অধিকারের অভিযানে দুটি দোকানে জরিমানা

আইন বহির্ভূতভাবে বোতলজাত সয়াবিন তেলের মুল্য কালি দিয়ে মুছে অধিক মুল্যে বিক্রয় ও অপর দোকানে মেয়াদ উত্তীর্ণ ও মুল্য বিহীন

পণ্য বিক্রয়ের অপরাধে দুটি দোকানে ১৮ হাজার জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর পরিচালিত ভ্রাম্যমান অভিযান।

আজ মঙ্গলবার (২২শে নভেম্বর) দুপুরের দিকে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ মেহেরপুর শহরের বড়বাজার এলাকায় মেসার্স নবাব স্টোর ও মেসার্স গনি স্টোরে এই ভ্রাম্যমাণ অভিযান পরিচালিত হয়।

এসময় জেলা কৃষি বিপণন কর্মকর্তা মোঃ তারিকুল ইসলাম ও মেহেরপুর পুলিশ লাইনের একটি টিম তাকে সহযোগীতা করেন।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ জানান, শহরের মেসার্স নবাব স্টোরে আইন বহির্ভূতভাবে বোতলজাত সয়াবিন তেলের গায়ের মুল্য কালো কালি দিয়ে মুছে অধিক মুল্যে বিক্রয়ের প্রমাণ পাওয়া ও বিক্রয়ের উদ্দেশ্যে সংরক্ষিত মেয়াদ উত্তীর্ণ পণ্য পাওয়ায় মালিক মো: নবাব আলীকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৩৭ও ৫১ ধারায় ১৫ হাজার টাকা জরিমানা করা হয়। এছাড়া মেয়াদ উত্তীর্ণ ও মেয়াদ মুল্য বিহীন পণ্য বিক্রয়ের অপরাধে মেসার্স গনি স্টোরকে একই আইনের ৩৭ ধারায় ৩ হাজার টাকা জরিমানা করা হয়েছে। এসময় দোকান দুটি থেকে মেয়াদ উত্তীর্ণ বেশ কিছু পণ্য জব্দ করে ধ্বংস করা হয়েছে।

একই সময় শহরের বেশ কিছু দোকানে সচেতনতামুলক প্রচারনার অংশ হিসেব ন্যায্যমূল্যে পণ্য বিক্রয়, পণ্যের ক্রয় বিক্রয় ভাউচার সংরক্ষণ ও প্রদানের নির্দেশনা দেয়া হয়েছে।

মেহেরপুরে ফ্রেন্ড ড্রিংকিং ওয়াটার এর মালিককে ১০ হাজার

টাকা অর্থদন্ড

পণ্যের লেবেলে সঠিক তথ্য না দেওয়ার অভিযোগে মেহেরপুর শহরের মেসার্স ফ্রেন্ড ড্রিংকিং ওয়াটার এর মালিককে ১০ হাজার টাকা অর্থদন্ড করেছে মেহেরপুর জেলা প্রশাসন পরিচালিত ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট।

আজ মঙ্গলবার (২২ নভেম্বর) দুপুরের দিকে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের রেভিনিউ ডেপুটি কালেক্টর ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোছাঃ রনী খাতুন এই অভিযান পরিচালনা করেন।

মোবাইল কোর্টের প্রসিকিউটর হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই) এর খুলনা বিভাগীয় কার্যালয়ের ফিল্ড অফিসার (সিএম) মো: রেজানুর রহমান সরকার।

মোবাইল কোর্ট পরিচালনায় সহায়তা করেন মেহেরপুর জেলা পুলিশের একটি টিম ।

রেভিনিউ ডেপুটি কালেক্টর ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোছাঃ রনী খাতুন বলেন, মেসার্স ফ্রেন্ড ড্রিংকিং ওয়াটার পানি উৎপাদন করলেও পানির বোতলের (পণ্যের) লেবেলে সঠিক তথ্য না দেওয়ার অপরাধে বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিংইনস্টিটিউশন আইনের ৩০ ধারার বিধান মোতাবেক ফ্রেন্ডস ড্রিংকিং ওয়াটার মালিক আব্দুল্লাহিল বাকীকে ১০ হাজার টাকা অর্থদন্ড করা হয়েছে।

বাঁচার আশায় চিকিৎসা নিতে গিয়ে ব্যবসায়ী ফিরলেন সাদা কফিনে

বাঁচার আশায় উন্নত চিকিৎসা নিতে ঢাকায় গিয়ে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে প্রাণের প্রদীপ নিভে গেলো মেহেরপুরের বিশিষ্ট ব্যবসায়ী আহসান হাবীব খোকন (৬৫)।

আহসান হাবিব হাবিব খোকন মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান, গহরপুর গ্রামের মৃত সোলাইমান হোসেনের ছেলে।

এছাড়া সদর উপজেলার বারাদী বাজারের রাকা ইলেকট্রিক এন্ড ফার্নিচার এর সত্বাধিকারী।

সোমবার (২১ নভেম্বর) সকাল ৬ টার দিকে ঢাকা বারডেম হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

তার ছেলে রাজু আহমেদ জানান, বাবা দীর্ঘদিন যাবৎ হার্টের সমস্যায় ভুগছিলেন। তার হার্টে দুটি রিং পরানো রয়েছে। সপ্তাহ খানেক তিনি শারীরিক পরীক্ষা নিরীক্ষার জন্য ঢাকা যান। ঢাকায় চিকিৎসা নিতে গিয়ে তিনি ডেঙ্গু রোগে আক্রান্ত হন।

গতকাল রবিবার (২০ নভেম্বর) সকালের দিকে তার মলদ্বার দিয়ে রক্তক্ষরণ শুরু হলে পরিবারের লোকজন দ্রুত মেহেরপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে ভর্তি করে। সন্ধ্যার দিকে তার অবস্থার ক্রমশ অবনতি হয়। রাতেই তাকে আবারো উন্নত চিকিৎসার জন্য কর্তব্যরত চিকিৎসক ঢাকা রেফার করেন।

ঢাকা বারডেম হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আজ (সোমবার) সকালে মৃত্যুবরণ করেন তিনি।